৩৮৬

দৈনিক ইত্তেফাক

তারিখ JAN. 7 1999
পৃষ্ঠা ৪ কলাম ৬

# প্রধান শিক্ষকের শূন্য পদগুলি পূরণ করা হউক

গত বৎসর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষায় পিরোজপুর জেলায় ৯৫ জন উত্তীর্ণ হন এবং তাঁহারা প্রত্যেকেই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করেন। পিরোজপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিস হইতে জানা যায় যে, অত্র জেলায় প্রধান শিক্ষকের শূন্য পদের সংখ্যা মোট ৫৬টি। কিন্তু মাত্র ১৬ জনকে নিয়োগ দেওয়া হইয়াছে, বাকি ৪০টি পদ শূন্য। বিভাগীয় পদোন্নতির পরেও ৬০টি পদ শূন্য ছিল। আমরা আশা করিয়াছিলাম যে, '৯৮ সালের প্রাথমিক নিয়োগ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে জেলা তথা দেশের সকল প্রধান শিক্ষকের শূন্য পদ পূরণ করা হইবে। গ্রামাঞ্চলের অনেক প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদ শূন্য থাকায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা মারাত্মকভাবে বিঘ্নিত হইতেছে। এমতাবস্থায়, '৯৮ সালের প্রাথমিক প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের শূন্য পদ পূরণের জন্য সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

এস, আলী খান,
ইন্দুরকানি,
পিরোজপুর।